অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
বিজ্ঞপ্তি নং- ৮৭, তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স-১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ:

| বিষয় | নিয়মিত (অনার্স-২য় বর্ষের প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স পরীক্ষার ফিসহ) | অনিয়মিত (অনার্স-২য় বর্ষের প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স পরীক্ষার ফিসহ) | গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য | ফরম পূরণ, ফি প্রদানের তারিখ ও সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ: |
|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩০০০/- | ৩৩০০/- | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ: ৩০/০৫/২০২৩ তারিখ হতে ০৪/০৬/২০২৩ তারিখ পর্যন্ত। |
| পদার্থবিজ্ঞান | ৪০০০/- | ৪৩০০/- | | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখ: ০৫/০৬/২০২৩ তারিখ হতে ১০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত। |
| রসায়নবিজ্ঞান | ৩৮০০/- | ৪১০০/- | | |
| উদ্ভিদবিজ্ঞান | ৪২০০/- | ৪৫০০/- | | সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ: ১১/০৬/২০২৩ তারিখ হতে ১৩/০৬/২০২৩ তারিখ পর্যন্ত। |
| প্রাণিবিজ্ঞান | ৩৯৫০/- | ৪২৫০/- | | |
| গণিত | ৩৮৫০/- | ৪১৫০/- | | |
| ভূগোল ও পরিবেশ | ৩৬৫০/- | ৩৯৫০/- | | |

বি.দ্র.: ১ম বর্ষ থেকে ২য় বর্ষে Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১০০০/- (এক হাজার) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে ''F'' গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের ফরমপূরণ ফি- ৫৫০০/- টাকা।

১। ফরম পূরণের নিয়মাবলী : ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://ems.nu.ac.bd/student-login এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রযোজ্য ক্ষেত্রে অনার্স-১ম বর্ষের ফলাফল শীটের ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। ফি জমাদানের নিয়মাবলী : ক) নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে : নিয়মিত পরীক্ষার্থীগণ বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল/এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের ১৩ ডিজিটের ক্লাস রোল নম্বর লিখে Month- June- 23 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৫/০৬/২০২৩ তারিখ হতে ১০/০৬/২০২৩ তারিখের মধ্যে Payment সম্পন্ন করে পরীক্ষার আবেদন ফরম, ফি জমাদানের রশিদ ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে ১১/০৬/২০২৩ তারিখ হতে ১৩/০৬/২০২৩ তারিখের মধ্যে জমা দিয়ে ফরমপূরণ সম্পন্ন করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's Copy ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

খ) অনিয়মিত/ মানোন্নয়ন/অকৃতকার্য সকল বিষয়ের/ আংশিক পরীক্ষার্থীদের ক্ষেত্রে: ২০২১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Not Promoted হয়ে ২০২২ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে তাদের ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে ID: cgcstudent, Password: cgcstudent দিয়ে লগইন করে Improvement Form Fill-up–এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View Charge and Course Detail –এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করলে তারা বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল/এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- June- 23 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৫/০৬/২০২৩ তারিখ হতে ১০/০৬/২০২৩ তারিখের মধ্যে Payment সম্পন্ন করে পরীক্ষার আবেদন ফরম, ফি জমাদানের রশিদ ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে ১১/০৬/২০২৩ তারিখ হতে ১৩/০৬/২০২৩ তারিখের মধ্যে জমা দিয়ে ফরমপূরণ সম্পন্ন করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's Copy ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: ৩। (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২২ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২১ সালের অনার্স-১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ''C'' বা ''D'' গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি পত্রে এবং ''F'' গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০২১ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্স সমুহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় সর্বোচ্চ ২টি পত্রে অংশগ্রহণ করতে পারবে।
যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমুহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম ''D'' গ্রেডে এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নে কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
২০২১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী: ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা শুধুমাত্র ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার অংশগ্রহণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন হবে না এবং কোনো শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোনো অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

৪। সিলেবাস : ২০২২ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

(স্বাক্ষরিত) ৩০/৫/২০২৩
(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ

অনুলিপি :
১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।

Prof. Asit Baran Das
Principal (3928)
Chandpur Govt. College, Chandpur

Hon's Part-1 Form Fillup Exam- 2021

CamScanner